

সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ২৬৮৭

৫২/ সাক্ষ্যদান (তাএ الشهادات)

পরিচ্ছেদঃ ৫২/৩০. জটিল ব্যাপারে কুর'আর মাধ্যমে ফয়সালা করা।

بَابُ الْقُرْعَةِ فِي الْمُشْكِلَاتِ

আরবী

حَدَّثَنَا أَبُو الْيَمَانِ أَخْبَرَنَا شُعَيْبٌ عَنْ الزُّهْرِيِّ قَالَ حَدَّثَنِيْ خَارِجَةُ بْنُ زَيْدِ الأَنْصَارِيُّ أَنَّ أُمَّ الْعَلَاءِ امْرَأَةً مِنْ نِسَائِهِمْ قَدْ بَايَعَتْ النَّبِيَّ صلى الله عليه وسلم أَخْبَرَتْهُ أَنَّ عُتْمَانَ بْنَ مَظْعُونٍ طَارَ لَهُ سَهْمُهُ فِي السُّكْنَى حِيْنَ أَقْرَعَتْ الأَنْصَارُ سُكْنَى الْمُهَاجِرِيْنَ قَالَتْ أُمُّ الْعَلَاءِ فَسَكَنَ عِنْدَنَا عُتْمَانُ بُنُ مَظْعُونٍ فَاشْتَكَى فَمَرَّضَنْنَاهُ حَتَّى إِذَا تُوْفِي وَجَعَلْنَاهُ فِيْ الْعَلَاءِ فَسَكَنَ عِنْدَنَا عُتْمَانُ بُنُ مَظْعُونٍ فَاشْتَكَى فَمَرَّضَنْنَاهُ حَتَّى إِذَا تُوْفِي وَجَعَلْنَاهُ فِي الْعَلَاءِ فَسَكَنَ عِنْدَنَا عُثْمَانُ بُنُ مَظْعُونٍ فَاشْتَكَى فَمَرَّضَنْنَاهُ حَتَّى إِذَا تُوْفِي وَجَعَلْنَاهُ فِيْ الْعَلَاءِ فَسَلَانِ مِسُولُ اللهِ فَقُلْتُ رَحْمَةُ اللهِ عَلَيْكَ أَبَا السَّائِبِ فَشَهَادَتِيْ عَلَيْكَ لَقَدْ أَيْكِ اللهُ فَقَالَ لِي النَّبِيُّ صلى الله عليه وسلم وَمَا يُدْرِيكِ أَنَّ اللهَ أَكْرَمَهُ فَقُلْتُ لَا أَدْرِيْ بِأَبِيْ أَنْتَ وَأُمِّيْ يَا رَسُولَ اللهِ فَقَالَ رَسُولُ اللهِ عليه وسلم أَمَّا عُثْمَانُ اللهُ عَلَيْهِ وَلَالهِ الْيَقِيْنُ وَإِنِيْ لَارْجُوْ لَهُ الْخَيْرَ وَاللهِ مَا أَدْرِيْ وَأَنَا رَسُولُ اللهِ مَا يُفْعَلُ بِهِ فَقَلْتُ فُواللهِ لَا أُزَكِيْ أَذِي لَكَ قَالَتْ فَوَالَ ذَاكِ عَمَلُهُ بِهِ قَالَتُ فَوْلُ لِلهِ عَلَى وَسلم أَلْولِكِ عَلَا لَهُ عَلَى الله عَلَيْ وَاللهِ لَا أَزُكِيْ أَجَرًا لِكَ عَمَلُهُ لِهُ وَاللهِ لَا أَنْ رَبُى فَوَاللهِ لَا أَنْ وَاللهِ مَا يُفْعَلُ بِعِلَى قَالَتْ فَوَاللهِ لَا أَذَى رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَأَخْبُرْتُهُ فَقَالَ ذَاكِ عَمَلُهُ.

বাংলা

২৬৮৭. উম্মুল 'আলা (রাঃ) নামী একজন আনসারী মহিলা যিনি নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর কাছে বায়'আত হয়েছিলেন, তিনি বলেন, মুহাজিরদের বাসস্থান দানের জন্য আনসারগণ যখন কুর'আ নিক্ষেপ করলেন, তখন তাদের ভাগে 'উসমান ইবনু মাযউনের জন্য বাসস্থান দান নির্ধারিত হল। উম্মুল 'আলা (রাঃ) বলেন, সেই হতে 'উসমান ইবনু মাযউন (রাঃ) আমাদের এখানে বসবাস করতে থাকেন। অতঃপর তিনি অসুস্থ হয়ে পড়লে আমরা তার সেবা-শুশ্রুষা করলাম। পরে তিনি যখন মারা গেলেন এবং আমরা তাকে কাফন পরালাম, তখন রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমাদের এখানে আসলেন। আমি ('উসমান ইবনু মাযউনকে লক্ষ্য করে) বললাম, হে আবু সায়িব! তোমার প্রতি আল্লাহর রহমত বর্ষিত হোক। তোমার সম্পর্কে আমার সাক্ষ্য এই যে, আল্লাহু তোমাকে অবশ্যই মর্যাদা দান করেছেন। নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাকে বললেন,



তোমাকে কে জানাল যে, আল্লাহ তাকে মর্যাদা দান করেছেন। আমি বললাম, হে আল্লাহর রাসূল! আমার পিতামাতা আপনার জন্য কুরবান হোক। আমি জানি না। রাসূলুল্লাহ (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, আল্লাহর কসম! 'উসমানের নিকট তো মৃত্যু এসে গেছে, আমি তো তার জন্য কল্যাণের আশা করি। আল্লাহর কসম! আমি আল্লাহর রাসূল হওয়া সত্ত্বেও জানি না তার সঙ্গে কী আচরণ করা হবে। তিনি (উম্মুল 'আলা) বলেন, আল্লাহর কসম! এ কথার পরে কখনো আমি কাউকে পূত-পবিত্র বর্ণনা করি না। সে কথা আমাকে চিন্তায় ফেলে দিল। তিনি বলেন, পরে আমি স্বপ্লে দেখলাম যে, 'উসমান (রাঃ)-এর জন্য একটা ঝর্ণা প্রবাহিত হচ্ছে। অতঃপর আমি রাসূলুল্লাহ (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম)-এর নিকট এসে সে খবর জানালাম। তিনি বলেন, সেটা হচ্ছে তার নেক আমল। (১২৪৩) (আধুনিক প্রকাশনীঃ ২৪৯২, ইসলামিক ফাউন্ডেশনঃ ২৫০৮)

English

Narrated Um Al-Ala:

That when the Ansar drew lots as to which of the emigrants should dwell with which of the Ansar, the name of `Uthman bin Mazun came out (to be in their lot). Um Al-Ala further said, "Uthman stayed with us, and we nursed him when he got sick, but he died. We shrouded him in his clothes, and Allah's Apostle came to our house and I said, (addressing the dead `Uthman), 'O Abu As-Sa'ib! May Allah be merciful to you. I testify that Allah has blessed you.' The Prophet (ﷺ) said to me, "How do you know that Allah has blessed him?" I replied, 'I do not know O Allah's Messenger (ﷺ)! May my parents be sacrificed for you.' Allah's Messenger (ﷺ) said, 'As regards `Uthman, by Allah he has died and I really wish him every good, yet, by Allah, although I am Allah's Messenger (ﷺ), I do not know what will be done to him.' Um Al- Ala added, 'By Allah I shall never attest the piety of anybody after him. And what Allah's Messenger (ﷺ)s said made me sad." Um Al-Ala further said, "Once I slept and saw in a dream, a flowing stream for `Uthman. So I went to Allah's Messenger (ﷺ) and told him about it, he said, 'That is (the symbol of) his deeds."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ উম্মুল আলা আনসারিয়্যাহ্ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন